আবলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/25/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কে বিদ্যুত-সাশ্রয়ী আবাসন ব্যবস্থা এগিয়ে নেওয়ার উদ্যোগ ঘোষণা করেছেন

নতুন এফিশিয়েন্ট হোমস নিউ ইয়র্ক প্রোগ্রাম নিউ ইয়র্কবাসীদের জন্য আরো সাশ্রয়ী মূল্যের উচ্চ-কার্যক্ষমতাসম্পন্ন আবাসন সুবিধা সরবরাহ করবে

প্রোগ্রামটি উন্নয়নের প্রতিটি পর্যায়ে আবাসিক নির্মাণ প্রক্রিয়াকে সহায়তা করবে

বিল্ডিংস অব এক্সিলেন্স প্রতিযোগিতার মাধ্যমে নতুন তহবিলও পাওয়া যাবে

মাল্টিফ্যামিলি বিল্ডিংয়ের জন্য অনুকরণযোগ্য জলবায়ু-বান্ধব সমাধানের প্রদর্শনস্বরূপ 10টি প্রকল্পকে অনুদান দেওয়া হয়েছে

গভর্নর Hochul (হোকল) আজ নিউ ইয়র্কবাসীদের জন্য আরো সাশ্রয়ী, উচ্চ-কার্যক্ষমতাসম্পন্ন এবং স্বাস্থ্যকর, বিদ্যুত-সাশ্রয়ী আবাসন সরবরাহের জন্য একটি প্রোগ্রাম ঘোষণা করেছেন। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) কর্তৃক পরিচালিত নবগঠিত নিউ এফিশিয়েন্ট হোমস নিউ ইয়র্ক (New Efficient Homes New York) প্রোগ্রাম হলো এমন কিছু সুযোগ-সুবিধার সমাহার যা বাড়িওয়ালা, ডেভেলপার এবং নকশাকারীদের বিদ্যুত-সাশ্রয়ী নকশা তৈরিতে এবং নির্মাণ খরচ কমাতে সাহায্য করার মাধ্যমে আবাসিক নতুন নির্মাণ প্রকল্পের সম্পূর্ণ জীবনচক্রে নিউ ইয়র্কের সহায়তা জোরদার করতে প্রস্তুত। প্রোগ্রামটিতে নতুন হিট পাম্প এবং আধুনিক অন্যান্য নকশায় সহায়তার জন্য সহায়তা অন্তর্ভুক্ত রয়েছে এবং এটি গভর্নর Hochul (হোকল)-এর "লেট দেম বিল্ড (Let Them Build)" এজেন্ডার অংশ।

"নিউ ইয়র্ক আমাদের প্রয়োজনীয় আবাসন নির্মাণ করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং একই সাথে ভবিষ্যতের বাড়িগুলো বিদ্যুত-সাশ্রয়ী, আরামদায়ক এবং সাশ্রয়ী তা নিশ্চিত করছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আজকের ঘোষণাটি আমরা কিভাবে অগ্রিম খরচ কমায় এবং নিউ ইয়র্ক স্টেটের বিভিন্ন কমিউনিটির আধুনিক বাড়ি নির্মাণের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম এবং রিসোর্স সরবরাহ করে এমন প্রোগ্রাম বাস্তবায়নের মাধ্যমে "লেট দেম বিল্ড" এজেন্ডাকে এগিয়ে নিয়ে যাচ্ছি তার আরেকটি দৃষ্টান্ত।"

135 মিলিয়ন মার্কিন ডলারের এই বিনিয়োগের মধ্যে রয়েছে স্টেটের নিউ এফিশিয়েন্ট হোমস নিউ ইয়র্ক প্রোগ্রামের মাধ্যমে আবাসিক নির্মাণ কাজের প্রতিটি ধাপে সহায়তা দেওয়ার জন্য বর্তমানে বরাদ্দ 100 মিলিয়ন মার্কিন ডলার। এছাড়াও, বিল্ডিংস অব এক্সিলেন্স প্রতিযোগিতার মাধ্যমে স্টেটজুড়ে সর্বাধুনিক, জলবায়ু-বান্ধব মাল্টিফ্যামিলি বিল্ডিং ব্যবস্থাগুলোকে এগিয়ে নিচ্ছে এমন 10টি প্রদর্শনী প্রকল্পে 12 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান দেওয়া হয়েছে যা এই প্রতিযোগিতার মাধ্যমে নতুন তহবিলে আরো 20 মিলিয়ন মার্কিন ডলার উপলব্ধ করছে।

NYSERDA-এর প্রেসিডেন্ট এবং CEO Doreen M. Harris (ডোরিন এম. হ্যারিস) বলেন, "নতুন নির্মাণ প্রকল্পগুলো আমাদের বাড়িতে সর্বাধুনিক উচ্চ-কার্যক্ষমতাসম্পন্ন প্রযুক্তি এবং বিল্ডিং ব্যবস্থাগুলোকে একীভূত করার একটি সুযোগ উপস্থাপন করে। গভর্নর Hochul (হোকল)-এর জোরালো সহায়তার মাধ্যমে, NYSERDA-এর নতুন আবাসিক প্রোগ্রামগুলো শুরু থেকে শেষ পর্যন্ত প্রকল্পগুলোকে সহায়তা করে — ডিজাইন এবং নির্মাণ থেকে শুরু করে ডেলিভারি পর্যন্ত এবং প্রদর্শন করে যে কিভাবে নিউ ইয়র্ক স্টেট জুড়ে বাড়িগুলো আরো দক্ষতার সহিত বিদ্যুত ব্যবহার করতে, আরাম উন্নত করতে এবং বৈরী আবহাওয়া থেকে রক্ষা করার জন্য নির্মাণ করা যেতে পারে।"

সহায়তার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

75 মিলিয়ন মার্কিন ডলারের নিউ এফিশিয়েন্ট হোমস নিউ ইয়র্ক: হিট পাম্প ইন্সেন্টিভ (Heat Pump Incentive)

নিউ এফিশিয়েন্ট হোমস নিউ ইয়র্ক: হিট পাম্প ইন্সেন্টিভ প্রোগ্রাম নিউ ইয়র্ক স্টেট জুড়ে নতুন একক-পরিবার এবং ছোট বাড়ির পাশাপাশি 50,000 বর্গফুটের কম নতুন মাল্টিফ্যামিলি বিল্ডিং জুড়ে ঠাণ্ডা আবহাওয়ার এয়ার সোর্স হিট পাম্প (air source heat pumps, ASHP) এবং গ্রাউন্ড সোর্স হিট পাম্প (ground source heat pumps, GSHP) ব্যবস্থাকে সহায়তা করে। আজ, ক্লাইমেট জাস্টিস ওয়ার্কিং গ্রুপ কর্তৃক চিহ্নিত সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর মধ্যে অবস্থিত প্রকল্পগুলোর জন্য অতিরিক্ত বরাদ্দসহ প্রতিটি আবাসিক ইউনিটের বিপরীতে ডেভেলপার এবং গৃহনির্মাতাদের জন্য 75 মিলিয়ন মার্কিন উপলভ্য রয়েছে। নির্বাচিত প্রকল্পগুলোকে উচ্চ-কার্যক্ষমতাসম্পন্ন হিট পাম্প ইনস্টল করার মাধ্যমে তাদের গরম, ঠাণ্ডা এবং বায়ুচলাচল (heating, cooling and ventilation, HVAC) সিস্টেমগুলোকে সম্পূর্ণ বৈদ্যুতিকীকরণ করতে হবে। GSHP বৈশিষ্ট্যযুক্ত যেকোনো প্রকল্পকে অনুরোধে বর্ণিত সম্পূর্ণ-হোম বৈদ্যুতিকীকরণ শর্তাবলি পূরণ করতে হবে। NYSERDA এখন **15 ডিসেম্বর, 2029 তারিখে বিকাল 3:00টা EST** পর্যন্ত অথবা তহবিল পুরোপুরি শেষ না হওয়া পর্যন্ত উন্মুক্ত আবেদন গ্রহণ করছে। আরো তথ্য পাওয়া যাবে এখানে।

এই প্রোগ্রামটির ক্ষেত্রে তহবিল রিজিওনাল গ্রিনহাউজ গ্যাস ইনিশিয়েটিভের (Regional Greenhouse Gas Initiative) মাধ্যমে সরবরাহ করা হয়।

25 মিলিয়ন মার্কিন ডলারের নিউ এফিশিয়েন্ট হোমস নিউ ইয়র্ক: ইনহ্যান্সড ডিজাইন সাপোর্ট

NYSERDA-এর নিউ এফিশিয়েন্ট হোমস নিউ ইয়র্ক: ইনহ্যান্সড ডিজাইন সাপোর্ট প্রোগ্রাম (Enhanced Design Support program) স্টেটজুড়ে আবাসিক নতুন নির্মাণ, সম্পূর্ণ সংস্কার বা অভিযোজিত পুনঃব্যবহার প্রকল্পের জন্য প্রশিক্ষণ এবং রিসোর্স সহ নমনীয় ডিজাইনে সহায়তা এবং পরিকল্পনা কার্যক্রমের জন্য তহবিল প্রদান করে। আজ, একক-পরিবার এবং ছোট বাড়ির জন্য বাড়ি প্রস্তুতকারক, ডেভেলপার এবং ডিজাইন ফার্মগুলোর পাশাপাশি বহু-পরিবার ভিত্তিক প্রকল্পের জন্য স্থাপত্য ও প্রকৌশল ফার্মগুলোর জন্য 25 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য রয়েছে। একক-পরিবার এবং ছোট বাড়ির ক্ষেত্রে প্রতি আবাসন ইউনিটের বিপরীতে এবং বহু-পরিবার ভিত্তিক ভবনের জন্য প্রতি বর্গফুট বরাদ্দের ভিত্তিতে ইন্সেন্টিভ উপলব্ধ রয়েছে। অংশগ্রহণকারী প্রকল্পগুলোকে অবশ্যই তাদের HVAC সিস্টেমগুলো সম্পূর্ণ বৈদ্যুতিক করতে হবে এবং প্রকল্প উন্নয়নের প্রাথমিক ডিজাইন পর্যায়ে থাকতে হবে।

NYSERDA এখন **15 ডিসেম্বর, 2029 তারিখে বিকাল 3:00টা EST** পর্যন্ত অথবা তহবিল পুরোপুরি শেষ না হওয়া পর্যন্ত উন্মুক্ত আবেদন গ্রহণ করছে। আরো তথ্য পাওয়া যাবে এখানে।

এই অফারটি রিজিওনাল গ্রিনহাউজ গ্যাস ইনিশিয়েটিভ এবং নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশনের 2025 এনার্জি এফিসিয়েন্সি অ্যান্ড বিল্ডিং ইলেকট্রিফিকেশন (Energy Efficiency and Building Electrification, EEBE) আদেশের মাধ্যমে অর্থায়ন করা হয় যা 2026 থেকে 2030 সাল পর্যন্ত স্টেট ব্যাপী বাজার উন্নয়ন প্রোগ্রামগুলোতে অর্থায়ন করে। এই প্রোগ্রামের ক্ষেত্রে EEBE তহবিল একচেটিয়াভাবে সাশ্রয়ী মূল্যের বড় ভবনগুলোর জন্য ব্যবহার করা হবে যেখানে অন্তত 25% ইউনিট এরিয়ার মিডিয়ান ইনকাম (Area Median Income, AMI)-এর 80% বা তার কম আয়ের পরিবারের জন্য বরাদ্দ।

30 মিলিয়নেরও বেশি মার্কিন ডলারের বিল্ডিংস অব এক্সিলেন্স প্রতিযোগিতা

NYSERDA আজ নিউ ইয়র্কে সেরা-মানের, বিদ্যুত-সাশ্রয়ী মাল্টিফ্যামিলি বিল্ডিংগুলোকে এগিয়ে নেওয়ার জন্য 10টি মাল্টিফ্যামিলি আবাসন প্রকল্পে 12 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান প্রদান করেছে যা বিল্ডিংস অব এক্সিলেন্স (Buildings of Excellence, BOE) প্রতিযোগিতার মাধ্যমে পরিচালিত হয়েছে যেটি 2019 সালে স্থিতিস্থাপক, জলবায়ু-বান্ধব মাল্টিফ্যামিলি বিল্ডিংগুলোর নকশা, নির্মাণ এবং পরিচালনাকে স্বীকৃতি ও পুরস্কৃত করার জন্য চালু করা হয়েছিল যা বাসিন্দা এবং তাদের কমিউনিটিগুলোর জন্য অধিক স্বাস্থ্যকর।

আজকের অনুদানকৃত প্রদর্শনী প্রকল্পগুলোর প্রধান বৈশিষ্ট্যগুলোর মধ্যে রয়েছে:

- **সাশ্রয়ী মূল্যের আবাসন:** ভবনগুলোর মধ্যে আটটি স্বল্প থেকে মাঝারি আয়ের গ্রাহকদের সেবা দেবে; ছয়টি সুবিধাবঞ্চিত কমিউনিটির মধ্যে অবস্থিত হবে।

- **শূন্য নির্গমন:** অনুদানপ্রাপ্ত সমস্ত প্রকল্পই শূন্য নির্গমন বিশিষ্ট, যার অর্থ হলো দৈনন্দিন কার্যক্রম পরিচালনায় সাইটে কোনো জীবাশ্ম জ্বালানি দহন ব্যবহার করা হয় না।
- **প্যাসিভ হাউজ স্ট্যান্ডার্ড:** প্রকল্পগুলোর মধ্যে আটটি প্যাসিভ হাউজ স্ট্যান্ডার্ড পূরণে প্রতিশ্রুতিবদ্ধ, যার মানে হলো নকশা এবং নির্মাণ অত্যন্ত বিদ্যুত-সাশ্রয়ী মানদণ্ড অনুযায়ী সম্পন্ন করা হবে, পাশাপাশি বিল্ডিংয়ের বাসিন্দাদের জন্য উচ্চ স্তরের আরাম, স্বাস্থ্য এবং স্থিতিস্থাপকতা নিশ্চিত করা হবে।
- **সৌর শক্তির অন্তর্ভুক্তি:** সমস্ত প্রকল্পে সৌর বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে তিনটিতে বিদ্যুৎ সঞ্চয়স্থান অন্তর্ভুক্ত রয়েছে।
- **ডিজাইন এক্সিলেন্সের ক্ষেত্রে ব্লু রিবন:** সামগ্রিক নকশার লক্ষ্যগুলোতে বিদ্যুৎ সঞ্চয় এবং স্থিতিস্থাপকতা ব্যবস্থাগুলোর একীকরণসহ সামগ্রিক ডিজাইন এক্সিলেন্সের জন্য বিশিষ্ট পেশাদারদের একটি জুরি কর্তৃক তিনটি প্রকল্পকে স্বীকৃতি দেওয়া হয়েছে।

2026 BOE প্রতিযোগিতার অনুদানপ্রাপ্তরা হলো:

সেন্ট্রাল নিউ ইয়র্ক: 2.4 মিলিয়ন মার্কিন ডলার, 2টি প্রকল্প

- Polaris: Ithaca Neighborhood Housing Services, Inc., এবং Sustainable Comfort, Inc. – অবার্ন, NY*
- Syracuse Bread Factory: Syracuse Bread Factory LLC এবং Ashley McGraw Architects – সিরাকিউজ, NY**

নিউ ইয়র্ক সিটি: 9.7 মিলিয়ন মার্কিন ডলার, 8টি প্রকল্প

- 153 Nevins: Fifth Avenue Committee, Inc. এবং Ettinger Engineering Associates – ব্রুকলিন, NY*
- 1931 Lafayette - North Tower: Strada Development LLC এবং Gilbane Development Company – ব্রঙ্কস, NY**
- Arverne East - Building I: The Bluestone Organization, MEGA Contracting Group এবং Ettinger Engineering Associates – ফার রকঅ্যাওয়ে, NY
- Bergen Green: 516 Bergen Apex Building Group, Bridge Street Development Corporation এবং DAMORE STUDIO – ব্রুকলিন, NY
- Hillside - North Building: Mural Real Estate Partners এবং Ettinger Engineering Associates – কুইন্স, NY
- Hillside Grove I: Hillside Grove Families LLC, Volunteers of America - Greater New York এবং Spatial Equity Co এবং Purpose by Design Architects PLLC – স্ট্যাটেন আইল্যান্ড, NY**
- ipHaus 722 Lafayette Gateway Project: Innovate Prefabricate – Bedford-Stuyvesant, ব্রুকলিন, NY
- JASA – Far Rockaway: JASA Corporation এবং Curtis+Ginsberg Architects – ফার রকওয়ে, NY

**প্রকল্পটি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে অবস্থিত বিল্ডিং অব এক্সিলেন্স বিজয়ী।*

***প্রকল্পটি বিল্ডিং অব এক্সিলেন্স বিজয়ী এবং ডিজাইন এক্সিলেন্স বিজয়ীর ক্ষেত্রে একটি ব্লু রিবন এবং একই সাথে সুবিধাবঞ্চিত কমিউনিটিতে অবস্থিত।*

BOE অনুদানগুলোর ওপর ভিত্তি করে, BOE প্রতিযোগিতার পরবর্তী রাউন্ডের মাধ্যমে NYSERDA আজ অতিরিক্ত 20 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করছে, যেখানে প্রকল্পের আবেদনকারীরা 1.5 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত তহবিল পাওয়ার যোগ্য। তহবিলের এই সর্বশেষ রাউন্ডটি নতুন নির্মাণে বহু-পরিবারভিত্তিক প্রকল্পগুলোর জন্য আবেদনকে স্বাগত জানায় যা উচ্চ-কার্যক্ষমতাসম্পন্ন নকশা ব্যবহার করে, প্রাতিষ্ঠানিক, অফিস বা বাণিজ্যিক জায়গাকে আবাসন প্রকল্পে রূপান্তর করতে সহায়তা করে এবং উঁচু ভবন নির্মাণ খরচ কমাতে সক্ষমতা দেখায়। প্রকল্পগুলোর জন্য বিশেষ বিবেচনা দেওয়া হতে পারে যা সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে অবস্থিত বা অবস্থিত হবে। BOE এমনভাবে গঠিত হয়েছে যাতে পিক সময়ে বিদ্যুত ব্যবহার ন্যূনতম করে এমন উদ্ভাবনী প্রযুক্তিগুলোকে কাজে লাগায়, স্বল্প মাত্রায় পরিবেশগত প্রভাব ফেলে এমন রেফ্রিজারেন্টের ওপর নির্ভর করে এবং বন্যা ও মাত্রাতিরিক্ত গরমের মতো জলবায়ুগত বিপদের বিরুদ্ধে স্থিতিস্থাপক হয় এমন প্রকল্পগুলোর জন্য তহবিলকে অগ্রাধিকার দেওয়া যায়। স্পেস কন্ডিশনিংয়ের জন্য GSHP সিস্টেম ব্যবহারকারী প্রকল্পগুলোর জন্য অতিরিক্ত তহবিল প্রাপ্তির সুযোগ থাকবে।

প্রস্তাবগুলো **20 জানুয়ারি, 2027 তারিখ বিকাল 3:00টা** পর্যন্ত গ্রহণ করা হবে। এই তহবিলের সুযোগ সম্পর্কে আরো তথ্য জানতে, অনুগ্রহ করে NYSERDA-এর ওয়েবসাইট দেখুন এখানে।

এই ঘোষণাগুলো NYSERDA-এর BOE প্রতিযোগিতার সাফল্যের ওপর ভিত্তি করে তৈরি হয়েছে যা মোট 88টি অত্যাধুনিক নতুন নির্মাণ এবং সম্পূর্ণ সংস্কার প্রকল্পকে অর্থায়ন করেছে, যার মধ্যে 52টি সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে অবস্থিত। পূর্ববর্তী BOE প্রতিযোগিতার বিজয়ীদের প্রায় তিন-চতুর্থাংশ সাশ্রয়ী মূল্যের আবাসন বাজার পরিবেশন করে। সমস্ত BOE-অনুদানপ্রাপ্ত প্রকল্পের সম্পূর্ণ তালিকার জন্য, অনুগ্রহ করে NYSERDA-এর ওয়েবসাইট দেখুন।

BOE-এর অর্থায়ন ক্লিন এনার্জি ফান্ড এবং রিজিওনাল গ্রিনহাউজ গ্যাস ইনিশিয়েটিভেরমাধ্যমে করা হয়।

নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশনের সভাপতি Rory Christian (রোরি ক্রিশ্চিয়ান) বলেন, "আধুনিক, সাশ্রয়ী এবং বিদ্যুত-সাশ্রয়ী প্রযুক্তির সাথে আবাসন খাতের নকশা ও নির্মাণে বিনিয়োগ করলে নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যকর, নিরাপদ এবং আরামদায়ক বাড়িতে বসবাসের সুযোগ বৃদ্ধি পাবে। বাজার সহায়তা প্রদান বাড়ির বিদ্যুত ব্যবহার পরিচালনা করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ সরঞ্জাম ও রিসোর্সগুলো বিকাশ করতে সহায়তা করে — যা কেবল বিদ্যুতের সামর্থ্যগত সমস্যা দূর করতেই সাহায্য করে না, বরং বাড়ির মালিক এবং বৈদ্যুতিক সিস্টেমের জন্য স্থিতিস্থাপকতা এবং নির্ভরযোগ্যতাও নিশ্চিত করে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার RuthAnne Visnauskas (রূথ অ্যান ভিসনাউকাস) বলেন, "গভর্নর Hochul (হোকল) বুঝতে পেরেছেন যে আরো আবাসন নির্মাণ করা এবং আরো বুদ্ধিমানভাবে নির্মাণ করা একে অপরের পরিপূরক। নিউ এফিশিয়েন্ট হোমস নিউ ইয়র্ক ডেভেলপারদের এমন রিসোর্স এবং সহায়তা প্রদান করবে যা প্রকল্পের প্রাথমিক পর্যায় থেকেই উচ্চ-কার্যকারিতা সম্পন্ন, বিদ্যুত-সাশ্রয়ী সিস্টেমগুলোকে অন্তর্ভুক্ত করার জন্য প্রয়োজন যা নিউ ইয়র্কবাসীদের জন্য স্বাস্থ্যকর এবং আরো আরামদায়ক বাড়ি নির্মাণের পাশাপাশি খরচ কমাতে সাহায্য করে। বিল্ডিংস অব এক্সিলেন্স প্রতিযোগিতার অব্যাহত সাফল্যের পাশাপাশি, এই বিনিয়োগগুলো আমাদের আবাসন সরবরাহ সম্প্রসারিত করতে, উদ্ভাবনী বিল্ডিং ব্যবস্থাগুলোকে এগিয়ে নিতে এবং পুরো নিউ ইয়র্ক জুড়ে বিদ্যমান কমিউনিটিগুলোর যে আধুনিক, টেকসই বাড়ি প্রয়োজন তা সরবরাহ করতে সাহায্য করবে।"

স্টেট সিনেটর Kevin Parker (কেভিন পার্কার) বলেন, "নিউ ইয়র্কবাসীদের এমন আবাসন পাওয়া উচিত যাতে তারা বসবাস করার সামর্থ্য রাখে, কেবল এমন আবাসন নয় যেখানে তারা কেবল ওঠার সামর্থ্য রাখে। এই বিনিয়োগ বিদ্যুত সাশ্রয়ীতাকে এবং কম ইউটিলিটি খরচকে প্রথম দিন থেকেই হাউজিং সমীকরণের অংশ করে আমাদের বুদ্ধিমত্তার সাথে নির্মাণ করতে সাহায্য করে। আমরা যদি সামর্থ্য সম্পর্কে আন্তরিক হই, তবে আমাদের অবশ্যই আরো আবাসন তৈরি করতে হবে, বিদ্যুতের খরচ কমাতে হবে এবং এটি নিশ্চিত করতে হবে যেন শ্রমজীবী পরিবারগুলো পিছিয়ে না থাকে।"

অ্যাসেম্বলিমেম্বার Didi Barrett (দিদি ব্যারেট) বলেন, "বিদ্যুত-সাশ্রয়ী নির্মাণ নিশ্চিত করার জন্য উল্লেখযোগ্য প্রণোদনা সহ নিউ ইয়র্ক স্টেটের আরো আবাসনের তীব্র চাহিদার সমাধান করা আমাদের দুইটি গুরুত্বপূর্ণ স্টেট ব্যাপী অগ্রাধিকার মোকাবেলায় সহায়তা করার একটি বুদ্ধিমান উপায়। এবং তেলের দাম ক্রমাগত বাড়তে থাকায়, এই ঘোষণাটি এর চেয়ে ভালো সময়ে আসতে পারত না। নিউ ইয়র্কবাসীরা যেখানে আছে সেখানে তাদের প্রয়োজনীয়তা চিহ্নিত করতে এবং এই তহবিল বরাদ্দ করার ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বের জন্য আমি তাকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলিমেম্বার Linda B. Rosenthal (লিন্ডা বি. রোজেনথাল) বলেন, "একটি সবুজ এবং আরো টেকসই নিউ ইয়র্কের প্রতিশ্রুতি আমাদের দোরগোড়ায়। NYSERDA-এর নতুন অর্থায়নকৃত প্রোগ্রামগুলোর সাহায্যে, ডেভেলপাররা নিউ ইয়র্কবাসীদের জন্য আধুনিক, সাশ্রয়ী মূল্যের এবং বিদ্যুত-সাশ্রয়ী আবাসন নির্মাণের জন্য বিশেষজ্ঞ ডিজাইন এবং নির্মাণ নির্দেশিকা সেইসাথে হিট পাম্প এবং অন্যান্য সরঞ্জাম পাবে। আমি উচ্ছ্বসিত যে স্টেট আইনসভার সাথে অংশীদারিত্বে, গভর্নর Hochul (হোকল) পুরো স্টেটজুড়ে আরো পরিবেশগতভাবে সঠিক আবাসন তৈরির জন্য প্রয়োজনীয় সরঞ্জাম এবং রিসোর্স সরবরাহ করতে কাজ করছেন। আগামী বছরের বাজেটে এই পদ্ধতির জন্য আরো তহবিল সংগ্রহের পক্ষে প্রতিনিধিত্ব করার জন্য আমি উন্মুখ হয়ে আছি।"

সিনেটর Patricia Fahy (প্যাট্রিসিয়া ফাহি) বলেন, "নিউ ইয়র্ক যত কম খরচে আবাসিক ভবন নির্মাণ সহজ করবে, আমরা তত দ্রুত নতুন বাড়ি ও ইউনিট তৈরি করতে পারব এবং বর্তমান আবাসন সংকট থেকে তত দ্রুত বেরিয়ে আসতে পারব। আমরা যখন আবাসন

ইউনিটের সরবরাহ বাড়াতে চাই, বিশেষ করে নতুনগুলো, তখন ডেভেলপার এবং বাড়িওয়ালাদের কম খরচে, বিদ্যুত-সাশ্রয়ী আপগ্রেড অন্তর্ভুক্ত করতে উৎসাহিত করা নতুন আবাসিক ভবন নির্মাণকে ত্বরান্বিত করতে এবং বাজারে নতুন ইউনিট আনতে সাহায্য করবে। জীবাশ্ম জ্বালানির ওপর আমাদের নির্ভরতা এবং বিদ্যুত গ্রিডের ওপর চাপ কমানো ডেভেলপারদের নির্মাণকাজ দ্রুত এগিয়ে নেওয়ার প্রয়োজনীয় উপকরণ দেওয়ার পাশাপাশি ক্রমবর্ধমান ইউটিলিটি খরচ কমাতে সাহায্য করে যা ক্যাপিটাল রিজিওন এবং এর বাইরে আবাসন সংকটকে সামগ্রিকভাবে মোকাবিলা করার সঠিক উপায়। আমাদের শিল্প নেতাদের এবং শ্রমিকদের সাথে কাজ করে এই নতুন, উদ্ভাবনী কর্মসূচি ঘোষণা করার জন্য গভর্নর Hochul (হোকল) এবং NYSERDA-কে ধন্যবাদ।"

অ্যাসেম্বলিম্যান Angelo Santabarbara (অ্যাঞ্জেলো সান্টাবারবারা) বলেন, "নিউ ইয়র্কের আরো এমন আবাসন প্রয়োজন যার সামর্থ মানুষ বহন করতে পারে এবং সেই বাড়িগুলোর খরচ আগামী বছরগুলোতে পরিবারগুলোর জন্য কেমন হবে তাও আমাদের বিবেচনা করা উচিত। বিদ্যুত সাশ্রয়ীয় বিনিয়োগ মাসিক বিল কমাতে সাহায্য করতে পারে, বাড়িগুলোকে আরো আরামদায়ক করতে পারে এবং আমাদের কমিউনিটির ঠিক এখানেই আরো সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণকে সহায়তা করতে পারে। এটি ভবিষ্যতের জন্য নির্মাণ এবং পরিবারগুলোকে তাদের উপার্জিত অর্থের আরো বেশি অংশ নিজেদের কাছে রাখতে সাহায্য করার একটি প্রচেষ্টা। আবাসন খাতে বিনিয়োগ করে এবং দৈনন্দিন খরচ কমিয়ে, আমরা আমাদের কমিউনিটিকে শক্তিশালী করতে পারি এবং নিউ ইয়র্ককে বসবাস, কাজ ও পরিবার লালন-পালনের জন্য একটি ভালো জায়গা করে তুলতে পারি।"

আমেরিকান ইনস্টিটিউট অব আর্কিটেক্টস নিউ ইয়র্ক (American Institute of Architects New York, AIA New York)-এর নির্বাহী পরিচালক Jesse Lazar (জেসি লাজার), অ্যাসোসিয়েট AIA, বলেন, "AIA নিউ ইয়র্ক এমন প্রচেষ্টাকে সমর্থন করতে পেরে গর্বিত যা নিউ ইয়র্ক স্টেটজুড়ে উচ্চ-কার্যক্ষমতা সম্পন্ন, স্বাস্থ্যকর আবাসনকে আরো অর্জনযোগ্য করে তোলে। উন্নয়নের প্রতিটি পর্যায়ে বিদ্যুত-সাশ্রয়ী নকশা এবং নির্মাণকে সমর্থন করার মাধ্যমে, নিউ এফিশিয়েন্ট হোমস নিউ ইয়র্ক প্রোগ্রাম স্থপতি, মালিক এবং ডেভেলপারদের এমন আবাসন তৈরিতে সাহায্য করতে পারে যা অধিক স্থিতিস্থাপক, টেকসই এবং সাশ্রয়ী। আমরা এই কাজটি বিল্ডিংস অব এক্সিলেন্স প্রতিযোগিতার সাফল্যের ওপর ভিত্তি করে গড়ে উঠতে দেখে উচ্ছ্বসিত এবং এটি প্রদর্শন করে যে কিভাবে চিন্তাশীল নকশা আমাদের জলবায়ুগত লক্ষ্য এবং মানসম্পন্ন বাসস্থানের জরুরি প্রয়োজন উভয়কেই মোকাবেলা করতে সাহায্য করতে পারে।"

প্যাসিভ হাউজ এক্সিলারেটর-এর প্রতিষ্ঠাতা Michael Ingui (মাইকেল ইনগুই) বলেন, "এই প্রোগ্রামগুলো উচ্চ-কার্যক্ষমতা সম্পন্ন আবাসন খাতকে কেবল বিশেষ কিছু হিসেবে সীমাবদ্ধ না রেখে আমাদের স্বাভাবিক নির্মাণের ধারা হিসেবে প্রতিষ্ঠিত করতে সাহায্য করে, যাতে ভবনগুলো দৃষ্টিনন্দন, স্বাস্থ্যকর, আরামদায়ক হয় এবং উল্লেখযোগ্যভাবে কম বিদ্যুত খরচ করে। নতুন ধারণা পরীক্ষা করা, কোন পদ্ধতিগুলো কার্যকরী তা প্রমাণ করা এবং সেই শিক্ষাগুলো পুরো শিল্প খাতে ছড়িয়ে দেওয়ার ক্ষেত্রে NYSERDA অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। প্রতিটি সফল প্রকল্প পরবর্তীটিকে কিছুটা সহজ করে তোলে।"

দ্য আর্কিটেকচারাল লিগ অব নিউ ইয়র্ক-এর নির্বাহী পরিচালক Jacob Moore (জ্যাকব মুর) বলেন, "ফেডারেল সহায়তার ঘাটতি এবং বিক্ষিপ্ত জনমনোযোগের বর্তমান সময়ে, নিউ ইয়র্কবাসীদের জন্য একটি স্থিতিস্থাপক ও কম কার্বন নিঃসরণকারী ভবিষ্যৎ গড়তে ডিজাইনার ও ডেভেলপারদের দূরদর্শী প্রচেষ্টাকে উদ্দীপ্ত করতে ও তুলে ধরতে NYSERDA-এর ভূমিকা সত্যিই অতুলনীয়। আর্কিটেকচারাল লিগ সামগ্রিক নকশার মান তৈরি করতে NYSERDA-এর সাথে কাজ করতে গর্বিত—যার মধ্যে রয়েছে বিল্ডিং সাইটের সাথে অবিচ্ছেদ্য সম্পর্ক; পাবলিক ট্রান্সপোর্ট সহ কমিউনিটি সম্পদের সাথে দৃঢ় সংযোগ এবং স্বাস্থ্য, আরাম ও নান্দনিক আনন্দের উপর নিবদ্ধ গুরুত্ব—বিল্ডিং অব এক্সিলেন্স প্রকল্পের একটি অপরিহার্য ফোকাস এবং পাবলিক সেক্টরের জন্য এই গুরুত্বপূর্ণ ভূমিকা প্রচার করতে তাদের সাথে আরো ব্যাপকভাবে কাজ করতে আমরা ভীষণভাবে আগ্রহী।"

CHARGE এজেন্ডা

ক্লিন, হাইলি অ্যাফোর্ডেবল, রিলায়েবল গ্রিড এক্সপেনশন (Clean, Highly Affordable, Reliable Grid Expansion, CHARGE) এজেন্ডা হলো একটি নির্ভরযোগ্য, শূন্য-নির্গমন গ্রিড অর্জনের পাশাপাশি নিউ ইয়র্কবাসীদের জন্য বিদ্যুৎ সচল রাখার এবং খরচ কম রাখার একটি ব্যাপক পরিকল্পনা। পাঁচটি নীতিভিত্তিক এই কৌশলটি গ্রাহকদের খরচ কমানো, বিদ্যুত কোম্পানিগুলোকে জবাবদিহিতার মধ্যে রাখা, বড় পরিসরে পরিবেশবান্ধব বিদ্যুত উৎপাদন করা, স্টেটের পুরনো গ্রিডকে আধুনিকীকরণ করা এবং পরিবার লালন-পালনে সহায়তাকারী কর্মসংস্থানের মাধ্যমে একটি আদর্শ অর্থনীতি গড়ে তোলার ওপর গুরুত্ব দেয়। রেটপেয়ার প্রোটেকশন প্ল্যান, ঐতিহাসিক ট্রান্সমিশন নির্মাণ এবং একটি নতুন 8.4-গিগাওয়াটের "নিউক্লিয়ার ব্যাকবোন"-এর মতো সাহসী উদ্যোগের মাধ্যমে, CHARGE এজেন্ডা একটি সাশ্রয়ী, স্থিতিস্থাপক এবং স্বয়ংসম্পূর্ণ বিদ্যুতের ভবিষ্যৎ নিশ্চিত করে যা একটি পরিবেশবান্ধব, আরো টেকসই নিউ ইয়র্ক গড়ার পাশাপাশি সাধারণ রেটপেয়ারদের অগ্রাধিকার দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।